

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৩২.২৪-২৭১

তারিখঃ ২২ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ আগষ্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনার আওতায় স্বেচ্ছাসেবক সদস্য-সদস্যাদের দক্ষতা, নেতৃত্ব, শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বছরে বাহিনীর ভিডিপি প্রশিক্ষণ শাখা থেকে নিম্নোক্ত প্রশিক্ষন পরিচালিত হবে। আগ্রহী প্রার্থীগণ AVMIS-এ যথাযথভাবে নিবন্ধন (Registration) সম্পন্ন করে আবেদন করতে পারবেন।

| ক্র: নং | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণার্থীর যোগ্যতা | প্রশিক্ষণ শুরুর তারিখ | আবেদন/রেজিস্ট্রেশন শুরু ও শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | ভিডিপি/টিডিপি মৌলিক প্রশিক্ষণ | • **শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম এসএসসি পাশ হতে হবে।<br>• **বয়স:** ১৮-৩০ বছর (সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে)।<br>• জাতীয় পরিচয়পত্রধারী হতে হবে।<br>• প্রশিক্ষণ গ্রহণের জন্য শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে এবং স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করতে আগ্রহী হতে হবে।<br>• রাষ্ট্রীয় দায়িত্বপালনে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে।<br>• গ্রামে/ ইউনিয়নে/ পৌরসভা/ ওয়ার্ডে স্থায়ীভাবে বসবাসকারী এবং নিজ এলাকায় কর্মসংস্থান আছে (প্রযোজ্য ক্ষেত্রে) এমন ব্যক্তি আবেদন করতে পারবেন।<br>• তথ্য-প্রযুক্তি ব্যবহারে আগ্রহ ও দক্ষতা থাকতে হবে।<br>• এলাকায় সুনামের অধিকারী হতে হবে।<br>• অ্যান্ড্রয়েড (Android) মোবাইল ফোন থাকতে হবে | ১৬/০৮/২০২৬ খ্রি: হতে | শুরু ০৬/০৮/২০২৬ খ্রি:<br>শেষ ১৫/০৮/২০২৬ খ্রি: |

**যেভাবে আবেদন করবেন:**

মোবাইল এর গুগল Play Store থেকে AVMIS App Download করবেন। App-এ নিজ নামে নিজ এনআইডি দিয়ে নিবন্ধিত মোবাইল নম্বর-এ OTP Verify করার পর ব্যক্তিগত তথ্যাদি পূরণ পূর্বক রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন।

| জেলা কমান্ড্যান্টের কার্যালয় | |
|---|---|
| জেলা কমান্ড্যান্ট | |
| সহ: জেলা কমান্ড্যান্ট | |
| সিএ | |
| হিসাবরক্ষক | |
| অফিস সহকারী | [signature] |
| গ্রহণ নং | ৩৫০ |
| তারিখ | ৭/৮/২৬ |

স্বাক্ষরিত
ভিডিপি প্রশিক্ষণ শাখা
প্রশিক্ষণ পরিদপ্তর
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

CamScanner